

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 17-10-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM-SETU- ITI Clusters:

প্রধানমন্ত্রী স্কিলিং অ্যান্ড এমপ্লয়েবিলিটি ট্রান্সফরমেশন প্রকল্পের আওতায় মহারাষ্ট্র, ওড়িশা ও জম্মু-কাশ্মীরের পাঁচটি আইটিআই ক্লাস্টারের উন্নয়নে প্রায় ১,১১৪ কোটি টাকার বিনিয়োগ অনুমোদিত হয়েছে। ষষ্ঠ জাতীয় স্টিয়ারিং কমিটির বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। এর ফলে PM-SETU প্রকল্পে মোট অনুমোদিত বিনিয়োগের পরিমাণ বেড়ে ৩,৬৮৭ কোটি টাকারও বেশি হয়েছে। কেন্দ্রীয় দক্ষতা উন্নয়ন ও উদ্যোগ মন্ত্রকের সচিব দেবশ্রী মুখার্জি জানান, এই বিনিয়োগের ফলে প্রশিক্ষণের মান উন্নত হবে, শিল্প সংস্থার অংশগ্রহণ বাড়বে এবং যুবকদের কর্মসংস্থানের সুযোগ আরও প্রসারিত হবে।

MAHASAPTAMI :

Sound Dhak

আজ মহাসপ্তমী। শারদীয় দুর্গোৎসবের চারদিনের পূজো পর্বে অন্যতম গুরুত্বপূর্ণ দিন। দেবী দুর্গার মূল পূজো শুরু হয়। সকালে প্রচলিত রীতি মেনে সম্পন্ন হয় নবপত্রিকা স্নান ও পূজো। কলাগাছসহ নয়টি উদ্ভিদকে একত্রে নবপত্রিকা রূপে দেবীর প্রতীক হিসেবে প্রতিষ্ঠা করা হয়। অনেকের কাছে এটি ‘কলাবউ’ নামেও পরিচিত। আসলে প্রকৃতি ও দেবীশক্তির মিলনের প্রতীক এই নবপত্রিকা পূজো। হিন্দু ধর্মীয় বিশ্বাস অনুযায়ী, মহাসপ্তমীতে দেবী দুর্গা মহিষাসুর বধের জন্য শক্তিরূপে আবির্ভূত হন। তিথি অনুসারে মণ্ডপে মণ্ডপে মন্তোচ্চারণ, পুষ্পাঞ্জলি ও আরাধনায় মুখর হয়ে ওঠে চারদিক। ধর্মীয় বিশ্বাসে, দেবীর আরাধনার মধ্য

দিয়ে অশুভ শক্তির বিনাশ এবং শুভ শক্তির জয় কামনা করেন ভক্তরা।
মহাসপ্তমী তাই শুধু উৎসবের সূচনা নয়, ভক্তি, শক্তি ও নতুন আশার এক পবিত্র
বার্তা।

CM Greetings :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা দুর্গাপূজা উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা
জানিয়েছেন। গতকাল এক বার্তায় তিনি বলেন, দুর্গাপূজা সমৃদ্ধ সাংস্কৃতিক
ঐতিহ্যকে এবং ঐক্য, সম্প্রীতি ও পারস্পরিক শ্রদ্ধার চেতনাকে আরও
শক্তিশালী করে। মা দুর্গার আশীর্বাদ ত্রিপুরার উন্নয়নের জন্য সকলকে একসাথে
কাজ করতে অনুপ্রাণিত করুক বলেও জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

Durga Puja No Entry:

দুর্গাপূজা উপলক্ষে আগরতলায় বিভিন্ন পূজামন্ডপগুলিতে ভীড় নিয়ন্ত্রণ এবং
যানবাহন চলাচল নির্বিলম্ব রাখা, জরুরি প্রয়োজনে বিকল্প রাস্তার জন্য আজ থেকে
২১শে অক্টোবর পর্যন্ত যানবাহন চলাচলে পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের পক্ষ
থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পশ্চিম ত্রিপুরার জেলাশাসক
গতকাল এক বিজ্ঞপ্তিতে আগামী ২১ অক্টোবর পর্যন্ত প্রতিদিন বিকাল ৫টা থেকে
রাত ১টা পর্যন্ত আগরতলা শহরের বিভিন্ন জায়গায় নো এন্ট্রি জোন ঘোষণা
করেছেন। এই বিধিনিষেধ কার্যকর করার জন্য গুরুত্বপূর্ণ স্থানে নো-এন্ট্রি গেট
বসানো হবে। জনসমাগমের পরিস্থিতি বিবেচনা করে বড় পূজা মণ্ডপগুলির
আশপাশে যানবাহনের প্রবেশ নিষেধাজ্ঞার সময় মধ্যরাতের পরেও বাড়ানো
হতে পারে। জরুরি প্রয়োজনে ট্রাফিক কন্ট্রোল রুমের হোয়াটসঅ্যাপ ও
টেলিফোন নম্বর - 9402-303-100তে যোগাযোগ করা যেতে পারে।

Special Train:

উৎসবের মরশুমে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে এবং যাতায়াত আরও আরামদায়ক করে তুলতে আগরতলা-ধর্মনগর ও আগরতলা-সাত্ৰম রুটে দুই জোড়া ফেস্টিভ্যাল স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে। আগামীকাল থেকে ২১ অক্টোবর পর্যন্ত প্রতিদিন এই ট্রেনগুলি চলাচল করবে। রেলওয়ে সূত্রে গতকাল জানানো হয়েছে, আগরতলা থেকে ধর্মনগরগামী স্পেশাল ট্রেনটি প্রতিদিন ভোর পাঁচটা দশ মিনিটে আগরতলা থেকে ছেড়ে সকাল আটটা পঁয়তাল্লিশ মিনিটে ধর্মনগরে পৌঁছাবে। ফিরতি ট্রেন ধর্মনগর থেকে সকাল সাড়ে ন'টায় ছেড়ে ট্রেনটি দুপুর একটা কুড়ি মিনিটে আগরতলায় পৌঁছাবে। অন্যদিকে, আগরতলা-সাত্ৰম স্পেশাল ট্রেনটি প্রতিদিন দুপুর দুটো পনেরো মিনিটে আগরতলা থেকে ছেড়ে বিকেল চারটে পঁয়ত্রিশ মিনিটে সাত্ৰমে পৌঁছাবে। ফিরতি ট্রেন সাত্ৰম থেকে বিকেল পাঁচটায় ছেড়ে ট্রেনটি সন্ধ্যা সাতটা পঁয়ত্রিশ মিনিটে আগরতলায় পৌঁছাবে।

ONION -KANDA EXPRESS :

উৎসবের মরশুমে পেঁয়াজের জোগান ও দাম নিয়ন্ত্রণে রাখতে প্রথমবারের মতো আগরতলায় পাঠানো হচ্ছে 'কান্দা এক্সপ্রেস'। পরিবহনমন্ত্রী সুষান্ত চৌধুরী গতকাল জানিয়েছেন, প্রায় ৪৪০ মেট্রিক টন পেঁয়াজবোঝাই এই ট্রেনটি ১৮ অক্টোবরের মধ্যে আগরতলায় পৌঁছানোর কথা। এর মাধ্যমে ত্রিপুরার সমস্ত জেলায় পেঁয়াজের সরবরাহ বাড়বে এবং সাধারণ মানুষ সাশ্রয়ী মূল্যে পেঁয়াজ পাবেন বলে আশা করা হচ্ছে। এই উদ্যোগের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা, কেন্দ্রীয় মন্ত্রী প্রহলাদ জোশী ও রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবকে ধন্যবাদ জানিয়েছেন পরিবহনমন্ত্রী।

TBSE :

জাতীয় শিক্ষানীতি ২০২০ এর লক্ষ্য ও আদর্শকে বাস্তবায়িত করতে গতকাল ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ডঃ ধনঞ্জয় গণচৌধুরী PARAKH Cell-এর উদ্বোধন করেন। পর্ষদ সচিব ডঃ জয়দীপ ভট্টাচার্য জানান, পরখ সেল হল ভারত সরকারের শিক্ষা মন্ত্রকের অধীন জাতীয় মূল্যায়ন কেন্দ্র। এর মূল লক্ষ্য হল শিক্ষার্থীদের সামগ্রিক ভাবনা, দক্ষতাভিত্তিক মূল্যায়ন ও শিক্ষার গুণগত মান উন্নত করা।

Srishti Literary Festival 2026:

বিলোনিয়া জন গ্রন্থাগারে ১৪ তম সৃষ্টি সাহিত্য উৎসবে গতকাল সংস্থার ১৬ তম শারদ সংখ্যার আবরন উন্মোচন করেন লোক গবেষক অশোকানন্দ রায় বর্ধন। সদ্য প্রয়াত কবি, সাহিত্যিক ও প্রকাশকদের প্রতি শ্রদ্ধা জানিয়ে শুরু হয় অনুষ্ঠান। উৎসবে কবিতা পাঠ, সাহিত্য ও সঙ্গীত কলা সম্মান প্রদান করা হয়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। ভোরের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৮ ডিগ্রি সেলসিয়াস।
